প্রথম আলো

তারিখ 3 JUN 2009
পৃষ্ঠা ... কলাম ...

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# জোট সরকারের সময়ের অনিয়ম ও দুর্নীতি তদন্তে কমিটি গঠন

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ●

বিগত চারদলীয় জোট সরকারের আমলে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনিয়ম ও দুর্নীতি তদন্তে পাঁচ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় এ কমিটি গঠন করা হয়। সোমবার তদন্ত কমিটির কাছে এ-সংক্রান্ত চিঠি দিয়ে কাজ শুরু করতে বলেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

সূত্র জানায়, রসায়ন বিভাগের শিক্ষক এন্তাজুল এম হককে আহ্বায়ক ও বিশ্ববিদ্যালয়ের গবেষণা প্রতিষ্ঠান ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজের (আইবিএস) পরিচালক মাহবুবুর রহমানকে সদস্যসচিব করে এ কমিটি গঠন করা হয়েছে। কমিটির অন্য সদস্যরা হলেন সিন্ডিকেট সদস্য জুলফিকার মতিন, জিল্লুর রহমান এবং আইন ও বিচার বিভাগের শিক্ষক সরকার আলী আক্কাস।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আব্দুল বারী জানান, সোমবার কমিটিকে তদন্তকাজ শুরু করার জন্য চিঠি দেওয়া হয়েছে। এক মাসের মধ্যে তদন্ত প্রতিবেদন তৈরি করে তা শিক্ষা মন্ত্রণালয়ে পাঠাতে হবে। কমিটিকে ২০০১ থেকে ২০০৮ সালের এপ্রিল পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে সংঘটিত বিভিন্ন অনিয়ম-দুর্নীতি তদন্ত করার জন্য বলা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের প্রগতিশীল শিক্ষক সমাজের আহ্বায়ক মোজাফফর হোসেন বলেন, বিগত বিএনপি-জামায়াত জোট সরকারের আমলে মেধাবী ও যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের উপেক্ষা করে দলীয় বিবেচনায় এবং প্রয়োজনের অতিরিক্ত শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীকে ওই সময় নিয়োগ দেওয়া হয়েছে।

উপাচার্য আবদুস সোবহান জানান, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভার মাধ্যমে এ কমিটি গঠন করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর তা শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হবে। তদন্তে কেউ দোষী প্রমাণিত হলে শিক্ষা মন্ত্রণালয় বা সরকার তাঁর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেবে।